গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

# শিল্প মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির আগস্ট ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৯/০৮/২০২২
সময় : বেলা ১০:৩০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ৩১/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়নের উপর ১৭/০৮/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে এবং এ বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে। | ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার চূড়ান্ত মূল্যায়ন সংক্রান্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ২ | মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাদের ০৮/০৯/২০২২ তারিখের মধ্যে আইএপি প্রণয়নের জন্য ছকপত্র প্রেরণ করা হয়েছে। প্রয়োজনের ভিত্তিতে (Need Based) সমস্যা সনাক্ত করে আইএপি প্রণয়ন করা এবং আইএপি'র সাথে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Action Plan) প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তাদের আইএপি প্রণয়ন করতে হবে এবং প্রয়োজনের ভিত্তিতে (Need Based) সমস্যা সনাক্ত করে আইএপি প্রণয়ন করতে হবে। আইএপি'র সাথে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Action Plan) প্রদান করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ৩ | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ৩০/৫/২২ তারিখে প্রদান করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ২টি অংশীজনের সভা ২য় ও ৩য় ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | চলমান ২০২২-২৩ অর্থবছরে ২টি অংশীজনের সভা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ৫ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে ৩টি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে আগস্ট মাসে ১ টি প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে ২য় ও ৩য় ত্রৈমাসিকে শুদ্ধাচার সংক্রান্ত অবশিষ্ট ২টি প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপসচিব প্রশিক্ষণ, শিল্প মন্ত্রণালয় |
| ৬ | চলমান ২০২২-২৩ অর্থবছরে কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>ক. অফিসের ভিতর ও বাহিরে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ২য় ত্রৈমাসিকে বাস্তবায়ন করা হবে।<br>খ. অকেজো মালামাল বিনষ্টকরণ ৪র্থ ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। | ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও উপসচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয় |
| ৭ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে ৩টি ফিডব্যাক সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে।<br><br>তন্মধ্যে ১৫ অক্টোবর/২০২২ এর মধ্যে ১ম ফিডব্যাক, ১৫ জানুয়ারি/২০২৩ এর মধ্যে ২য় ফিডব্যাক এবং ১৫ এপ্রিল/২০২৩ তারিখের মধ্যে ৩য় ফিডব্যাক সভাটি সম্পন্ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের ৩টি ফিডব্যাক সভা যথাসময়ে আয়োজন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ৮ | চলমান ২০২২-২৩ অর্থবছরে ৫৮টি পিএসসি সভা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | ৫৮টি পিএসসি সভা ত্রৈমাসিক অনুযায়ী ভাগ করে যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | যুগ্মসচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |
| ৯ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের যানবাহন, প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের জন্য নিম্নোক্তভাবে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব করা হয়।<br>১. যুগ্ম সচিব, পরিকল্পনা, সভাপতি<br>২. উপসচিব, বাজেট ও হিসাব, সদস্য<br>৩. সিনিয়র সহকারী সচিব, পরি-৫, সদস্য<br>৪. সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধি সদস্য<br>৪. উপসচিব, এপিএ, এনআইএস ও জিআরএস, সদস্য সচিব কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সকল সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে এবং কার্যক্রমটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য প্রস্তাব অনুযায়ী যুগ্মসচিব, পরিকল্পনার নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে আদেশ জারি করতে হবে। | যুগ্ম সচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |
| ১০ | চলমান ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে মন্ত্রণালয়ের ৪টি কার্যক্রম | ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাও সংশ্লিষ্ট |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ক. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার;<br>খ. অডিট ম্যানেজমেন্ট সফটওয়্যারে ডাটাবেজ হালনাগাদকরণ;<br>গ. ডিজিটাল সরেজমিনে পরিবীক্ষণের মাধ্যমে মিলজোন এলাকায় চিনিকলের আখ মাড়াইয়ে স্বচ্ছতা আনয়ন;<br>ঘ. মোহাম্মদপুর ও আদাবর থানায় প্যাকেজ ড্রিংকিং ওয়াটার পরিবীক্ষণ ও মনিটরিং এর মাধ্যমে গুণগতমান উন্নয়ন;<br>উপরোক্ত কার্যক্রমের মধ্যে ক্রমিক গ ও ঘ যথাযথভাবে বাস্তবায়নের জন্য বিএসএফআইসি ও বিএসটিআইকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। | ৪টি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং এ বিষয়ে যে সকল প্রতিষ্ঠান/শাখা/অধিশাখার সংশ্লিষ্টতা রয়েছে তাদের সকলের সহযোগিতায় কার্যক্রমসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ অনুবিভাগের কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ১১ | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য/উওমচর্চা পাওয়া গিয়েছে একত্রিত করে তালিকা প্রণয়ন করা হয়েছে। প্রচারের ব্যবস্থা করা যেতে পারে। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যেসকল সাফল্য পাওয়া গিয়েছে তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ১২ | সভায় জানানো হয়, মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটি অনেক পূর্বে গঠিত হয়েছে এবং দপ্তর/সংস্থা প্রধানগনকে কমিটিতে অন্তভূক্ত করে কমিটি পুনর্গঠন করা যেতে পারে। | মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটি পুনর্গঠন করে কমিটির প্রস্তাব উপস্থাপন করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২/০৯/২০২২
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়
জাকিয়া সুলতানা